# বেসিক ব্যাংক পিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

**গুলশান শাখা, ঢাকা।**

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারা মতে

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **"মেসার্স জেটিসি কার্গো ইন্টারন্যাশনাল"** প্রতিনিধিত্বে কোম্পানীর স্বত্বাধিকারীঃ জনাব মিকি ডিয়াজ। ব্যবসায়িক ঠিকানা: বাড়ী নং-৪৫, রোড নং-১৭, বনানী-সি/এ, ঢাকা-১২১৩। বেসিক ব্যাংক পিএলসি, গুলশান শাখা, ঢাকা-এর নিকট হইতে বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের ঋণ গ্রহণ করিয়াছিলেন। উক্ত ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিষ্ট্রী বন্ধকী দলিলমূলে বন্ধক রাখিয়াছেন। বারবার তাগাদা সত্ত্বেও ঋণ গ্রহীতা- কোম্পানী, পরিচালক, স্থাবর সম্পত্তির বন্ধকদাতা ও জিম্মাদারগণের নিকট হইতে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই। বর্তমান হিসাব মতে **(বিগত ০৮-০৭-২০২৬ ইং পর্যন্ত)** ঋণগ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও অন্যান্য খরচসহ **মোট ১৯,০৫,৬৮,৮৯৪.৬৯ (ঊনিশ কোটি পাঁচ লক্ষ আটষট্টি হাজার আটশত চুরানব্বই টাকা ঊনসত্তর পয়সা) টাকা** মাত্র পাওনা রহিয়াছে। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা কোম্পানীর পক্ষে স্থাবর সম্পত্তির বন্ধকদাতাগণ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। তাহাদের প্রদত্ত ক্ষমতাবলে এবং উপরোল্লিখিত আইনের বিধান মতে উক্ত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরপত্রের মাধ্যমে বিক্রয়ের জন্য **আগামী ৩১-০৮-২০২৬ ইং** তারিখ বেলা ২.০০ ঘটিকা নিলামের দিন ধার্য্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লেখিত তারিখ ও সময়ে বেসিক ব্যাংক পিএলসি, গুলশান শাখা, ঢাকা-তে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশ গ্রহণ করার জন্য আহ্বান করা হইতেছে।

**শর্তসমূহ**

১. প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথক ভাবে দরমূল্য লিখিতে হইবে) লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে ব্যাংকে রক্ষিত নির্ধারিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে বেসিক ব্যাংক পিএলসি এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪. অনুর্দ্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৭. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা:- পৌরসভা, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমি কর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করেন বটে।

**তফসিল-ক:** জেলা-গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-টঙ্গী, "মৌজা-বসুগাঁও", জে.এল- সাবেক-১৬২, হাল-১০০, খতিয়ান নং- সাবেক-০২, ৪৭, ৪৪২, এস.এ-০৪, ৩৮, ৬৭, দাগ নং- সি.এস এবং এস.এ-৮৯, ৮৭, আর.এস-১৪২, ১৩৫, জমির পরিমাণ-২৫৩.০০ (দুইশত তিপান্ন) শতাংশ ও তদস্থিত স্থাপনা। চৌহদ্দিঃ উত্তরে-সৈয়দ আলী মাস্তুরী গং, দক্ষিণ-বিক্রেতার নিজের, পূর্ব-বাসন্তি গং, পশ্চিম-সামসুউদ্দিন গং।

**তফসিল-খ:** জেলা-গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- টঙ্গী, "মৌজা-বসুগাঁও", জে.এল নং- সাবেক খতিয়ান-১৬২, হাল-১০০, খতিয়ান নং- এস.এ-২৭, ৪৭, আর.এস-১১৭, দাগ নং- সি.এস, এবং এস.এ-৮৯, আর.এস-১৩৮, জমির পরিমাণ-৩৪.০০ (চৌত্রিশ) শতাংশ ও তদস্থিত স্থাপনা। চৌহদ্দিঃ উত্তরে-আব্দুল হাই, দক্ষিণ-সামসুউদ্দিন, পূর্ব-অনতনি গমেজ, পশ্চিম-সামসুউদ্দিন।

**তফসিল-গ:** জেলা-গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-কালীগঞ্জ, "মৌজা-নাগরী", জে.এল-সাবেক-০৮ খতিয়ান নং- সি.এস-৬০, এস.এ-১৪৮, আর.এস-১৩৩, দাগ নং- সি.এস এবং এস.এ-২৪২, আর.এস-৪৬৫, জমির পরিমাণ-২৮.০০ (আটাইশ) শতাংশ ও তদস্থিত স্থাপনা। চৌহদ্দিঃ উত্তরে-রাস্তা, দক্ষিণ-খাল, পূর্ব-সেটি ক্রুশ, পশ্চিম-রাস্তা।

**তফসিল-ঘ:** জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-বাড্ডা অধীন জে.এল নং-সি.এস-২৯৪, এস.এ-১১৮, আর.এস-৩২, ঢাকা সিটি জরিপ-৩২, "মৌজা-ভাটারা"স্থিত খতিয়ান নং- সি.এস-২৬৬, এস.এ-২৬২, আর.এস-১৫৬৭, ঢাকা সিটি জরিপ (ডিপি)-২৮১৯ দাগ নং-সি.এস ও এস.এ-৯৬৩, আর.এস-৯৩২, ঢাকা সিটি জরিপ-১১৩২৫ নং দাগে ১১০০.০০ অযুতাংশ জমির উপর নির্মীত ৬ (ছয়) তলা বিশিষ্ট আবাসিক ভবনের ২য় তলার উত্তর দিকের (সামনের সাইড) এ-২ নং ফ্ল্যাট এবং নীচ তলায় ১ টি নিদিষ্ট কার পার্কিংসহ যাহার আয়তন ১৩১০ বর্গফুট এবং উক্ত ১১০০ অযুতাংশ ভূমির কাতে অচিহ্নিত ও অবিভক্ত ৭৩.৩৩ (তিহাত্তর দশমিক তিন তিন) অযুতাংশ ভূমি এবং যৌথ ব্যবহারের সাধারণ সুবিধাভোগের অধিকারসহ যাবতীয় হক হকুক সহ। চৌহদ্দিঃ উত্তরে-নূর মোহাম্মদ ও রেজাউল করিম, দক্ষিণ-আব্দুল মতিন সরকার, পূর্ব-ঢাকা সিটি কর্পোরেশনের রাস্তা, পশ্চিম-আব্দুল ওদুদ ও রত্না মাহবুব।

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান**

গুলশান শাখা, ৩৩ সাউথ কমার্শিয়াল এলাকা, গুলশান সার্কেল-১, ঢাকা-১২১২, ০১৭৩০০৮৪০৮০

**বণিক বার্তা- ২১-০৭-২০২৬**

**গণমুখ- ২১-০৭-২০২৬**